

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

ষষ্ঠ শ্রেণি

পরিবেশ ও বিজ্ঞান

পূর্ণমান : ২০

-
১. শূন্যস্থান পূরণ করো : ১ × ৩ = ৩
- ১.১ সিঙ্কানা গাছের ছাল থেকে _____ পাওয়া যায়।
- ১.২ সবুজ উদ্ভিদ খাবার তৈরি করার সময় পরিবেশে _____ গ্যাস ত্যাগ করে।
- ১.৩ পাঁউরুটি তৈরি করতে লাগে এককোশী ছত্রাক _____।
২. সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৩ = ৩
- ২.১ সিঙ্ক কোথা থেকে পাওয়া যায়?
- ২.২ পরাগমিলনে সাহায্য করে এমন একটি প্রাণীর নাম উল্লেখ করো।
- ২.৩ মানুষের দেহে বাস করে এমন একটি পরজীবীর নাম লেখো।
৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও : ২ × ৪ = ৮
- ৩.১ জামাকাপড়ের জন্য মানুষ কীভাবে উদ্ভিদের ওপর নির্ভর করে?
- ৩.২ “প্রাণীরা উদ্ভিদের ওপর নির্ভর করে”—দুটি উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করো।
- ৩.৩ মানুষ খাবারের জন্য কীভাবে প্রাণীদের ওপর নির্ভর করে?
- ৩.৪ বর্তমানে চাষের কাজে কেন নানারকম যন্ত্রপাতি প্রাণীদের জায়গা নিচ্ছে?
৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও : ৩ × ২ = ৬
- ৪.১ “উদ্ভিদরা প্রাণীদের ওপর নানাভাবে নির্ভর করে”—একটি উদাহরণের সাহায্যে বস্তুটির যথার্থতা বিশ্লেষণ করো।
- ৪.২ “ধানখেতে অ্যাজোলা চাষ করলে আর সার দিতে লাগে না”—ব্যাখ্যা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।